ই | টা | লি

আমাদের বাঁশ-বেত

বেইলী রোডে 'ব্যাম্বু ক্যাসেল' নামের ফাস্টফুডের দোকানটির ইন্টেরিয়র দেখে এক সময় সত্যিই অবাক হয়েছিলাম। দেশীয় জিনিসের ব্যবহারে এতো সুন্দর একটি ইন্টেরিয়র ডেকোরেশন হয়! সত্যি কথা বলতে কি, প্রাকৃতিক সম্পদে আমরা সমৃদ্ধ হলেও জানি না এর সঠিক ব্যবহার।

'টটেম' ইটালির একটি নামকরা চেইন পাব। মিলান বা তার আশপাশে তাদের অনেকগুলো শাখা। উইকেন্ডে রাত ২-৩টা পর্যন্ত লোকে জমজমাট থাকে। তাদের দু-তিন শাখায় গিয়ে আমি অবাক হয়েছিলাম ইন্টেরিয়র ডেকোরেশনে পাটের চটের ব্যবহার দেখে।

বর্তমানে ইউরোপে বাঁশ-বেতের ব্যবহারে ইন্টেরিয়র করা হয়, যদিও এটা ভীষণ ব্যয়বহুল তাদের জন্য।

আর আমরা আমাদের সম্পদকে অবহেলা করে চুলার জ্বালানি হিসেবে পোড়াচ্ছি। সম্প্রতি মিলান শহর থেকে তুরিন যাবার পথে Novara শহরে আমি দুই রুমের একটি অ্যাপার্টমেন্ট কিনেছি। নিজের ঘরের ফার্নিচার কেনার জন্য কয়েক দিন যাবৎ খুব ঘোরাঘুরি করছি। ইউরোপে জুলাই-আগস্ট মাসজুড়ে অভাবনীয় মূল্যহ্রাস করে তাদের সমস্ত কিছু বিক্রি করে দেয়। কারণ এগুলোর মডেল পরিবর্তন করে নতুন মডেল আসবে সেপ্টেম্বরে। যেমন ডলচে গাভানার ৪০০ ইউরো মূল্যের একটি ব্লেজার আপনি এ মাসে ২০০-১৫০ ইউরোতে পেতে পারেন। এই সময়টাতে মূল্যহ্রাসের কারণে বিক্রেতাদের বিক্রি বেড়ে যায়।

ফার্নিচারের দোকান ঘুরে একটি বড় ধরনের অভিজ্ঞতা হয়েছে, সত্যিকারের কাঠের ফার্নিচারে অসম্ভব দাম। কাঠের একটি চেয়ারের দাম মূল্যহ্রাসেও ১৫০ ইউরোর কমে নেই। অথচ আমাদের দেশে কাঠের চেয়ে অন্য ফার্নিচারের দাম বেশি। যদিও এতে কাঠের নামগন্ধও নেই। ইউরোপের চেয়েও বেশি দামে তারা বিক্রি করে এসব জিনিস। হিসাবমতে সিনথেটিক কাঠের ফার্নিচারের মূল্য হওয়া উচিত কাঠেরও কম! কিন্তু বাস্তবে কি তাই? তারা কীভাবে ঠকাচ্ছে গ্রাহদের? টিভিতে একটি অ্যাড দেখা যায় 'কাঠের বিকল্প কাঠ'। সত্যিকারের কাঠের বিকল্প বলে পৃথিবীতে কোনো কিছুর অস্তিত্ব নেই, হতে পারে না।

আমরা আগে ছিলাম বুদ্ধিমান বিজ্ঞাপনের চাকচিক্যে হচ্ছি বোকা।

Islam Shaheedul
Piazza Unitad Italia ze, 20059 (Mi) Vimerchate
Italy, Shakhidul@yahoo.com

প্রবাসীদের জন্য বিশেষ আকর্ষণ

বিশ্বের মানচিত্রে নানা স্থানে ছড়িয়ে আছেন প্রবাসী বাঙালি...। আমরা চাই তাদের কথা জানতে, জানাতে। আপনি হয়তো নিজেও কখনো ভাবেননি একদিন দূর প্রবাসের অধিবাসী হবেন। কিন্তু বাস্তবতা ভিন্ন। প্রবাসের জীবনে আপনার প্রেম, ভালোবাসা, প্রত্যাশা প্রাপ্তি, ঘৃণা, অভিমান, কষ্ট, যন্ত্রণা, হতাশা, সাফল্য এমনকি একান্ত ব্যক্তিগত যেকোনো অনুভূতি নিয়ে লিখে ফেলুন অসামান্য একটি গল্প...

সর্বোচ্চ শব্দসীমা ১০০০

আপনাদের লেখা নিয়েই তৈরি হবে সাপ্তাহিক ২০০০-এর প্রচ্ছদ কাহিনী

নির্বাচিত ৫০টি গল্প নিয়ে প্রকাশিত হবে বিশেষ সংখ্যা

সেরা গল্পটি নিয়ে তৈরি হবে নাটক প্রচারিত হবে চ্যানেল আই-এ

নির্বাচিত গল্পগুলো নিয়ে প্রকাশিত হবে একটি বই

গল্প পাঠানোর শেষ তারিখ
২০ সেপ্টেম্বর, ২০০৫

লিখে ফেলুন গল্প
আর পাঠিয়ে দিন নিচের ঠিকানায়

জীবনের গল্প
সাপ্তাহিক ২০০০
৯৬-৯৭ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০
ই-মেইল :info@shaptahik2000.com

মক্কা

বদলে যাওয়া রাজনীতি

মাহমুদ আহমদিনেজাদ

সম্প্রতি অনুষ্ঠিত ইরানের প্রেসিডেন্ট নির্বাচনে বিপুল ভোটে জয়ী হয়েছেন কট্টর রক্ষণশীল মাহমুদ আহমদিনেজাদ (৪৮)। ২০০৩ সাল থেকে তেহরানের মেয়রের দায়িত্ব পালন করছেন আহমদিনেজাদ। তিনি কট্টরপন্থি রেভ্যুলিউশনারি গার্ড বাহিনীর একজন সাবেক সদস্য এবং বাসিজ রিলিজিয়াস ভিজিলেন্টেসের সাবেক প্রশিক্ষক। আহমদিনেজাদ তেহরানের ১০০ কিলোমিটার দক্ষিণ পূর্বে কৃষিসমৃদ্ধ আবাদান গ্রামে জন্মগ্রহণ করেন। বিগত ১৬ বছরে ইরানের প্রেসিডেন্টদের মধ্যে আহমদিজানই হচ্ছেন একমাত্র প্রেসিডেন্ট যিনি ধর্মীয় নেতা নন। তবে শৈশবেই তিনি রাজধানীতে পাড়ি জমান। তিনি একজন মেধাবী ছাত্র এবং পুরকৌশলে পিএইচডি ডিগ্রিধারী। এক সময় তিনি পুরকৌশলে অধ্যাপনা করেছেন। বর্তমান বিশ্বের যে কটি মুসলিম দেশে গণতান্ত্রিক ব্যবস্থা চালু রয়েছে তার মধ্যে ইরান অন্যতম। ১৯৭৯ সালে ধর্মীয় নেতা আয়াতুল্লাহ খোমেনির নেতৃত্বে এক গণঅভ্যুত্থানে রাজতন্ত্রের পতন ঘটে।

২০০৩ সালে মেয়র হওয়ার আগে তার কোনো পরিচিতি ছিল না। কার্মারের ছেলে আহমদিনেজাদ মেয়র হওয়ার পর ঝাড়ুদারদের সঙ্গে তেহরানের রাস্তা পরিষ্কারের কাজ করেন।

তিনি ওপেকের দ্বিতীয় বৃহত্তম তেল উৎপাদনকারী দেশটির তেল সম্পদ থেকে উপার্জিত অর্থ সরাসরি জনগণের বিতরণের অঙ্গীকার করেন। আহমদিনেজাদ বলেন, 'পরমাণু প্রযুক্তি নিয়ে গবেষণা করা ইরানের মৌলিক অধিকার এবং ইরানের এই মৌলিক অধিকারকে বিশ্ববাসীর স্বীকৃতি দেয়া উচিত।' প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর প্রথম সংবাদ সম্মেলনে আহমদিনেজাদ বলেন, 'ইরান আত্মনির্ভরশীলতার ভিত্তিতে অগ্রগতির পথ অবলম্বন করবে। এ পথে যুক্তরাষ্ট্রকে তার প্রয়োজন নেই।' আহমদিনেজাদ প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় ইরানের পরমাণু কর্মসূচি নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে বিরোধ আরো বাড়বে বলে মনে করা হচ্ছে। তিনি আরো বলেন, 'জ্বালানি, চিকিৎসা ও কৃষিখাত এবং আমাদের বৈজ্ঞানিক অগ্রগতির জন্য শান্তিপূর্ণ পারমাণবিক প্রযুক্তির প্রয়োজন রয়েছে।'

জিয়া
মক্কা, কেএসএ

প্রবাসীদের প্রতি

প্রবাস জীবন তুলে ধরবে প্রবাসী বাঙালীদের জীবনযাপন মনন চেতনার চালচিত্র। দেশের পাঠকরা দেশে বসে প্রবাসকে পুরোপুরি জানতে চায়। লেখার সঙ্গে ছবি দিন। লেখা পাঠাবার ঠিকানা ঃ

প্রবাস জীবন
The Shaptahik 2000
96/97 New Eskaton Road
Dhaka-1000, Bangladesh.

info@shaptahik2000.com

নি | উ | ই | য় | র্ক

বাংলা ও বাঙালির মিলন উৎসব

'বিশ্বব্যাপী বাংলা ও বাঙালি'। ৩৮টি দেশের বাঙালিদের জীবন-চরিত নিয়ে এ স্মারক গ্রন্থ। এতে বাঙালির কাজ-কর্ম, শিল্প-সাহিত্য এবং সংস্কৃতির খবর ছাড়াও একটা নির্যাস পাওয়া যাবে। মুক্তধারা নিউইয়র্ক আয়োজিত কীর্তিমান বাঙালিদের পদক প্রদান অনুষ্ঠানকে সামনে রেখে প্রকাশিত হচ্ছে স্মারক গ্রন্থটি।

২৮ আগস্ট ২০০৫, নিউইয়র্কের ম্যানহাটান টাওয়ারে অনুষ্ঠিত হবে পদক প্রদান অনুষ্ঠান। জীবিতদের মধ্যে শ্রেষ্ঠ দশ বাঙালিকে পদক তুলে দেবেন আন্তর্জাতিক ব্যক্তিত্বগণ। এই অনুষ্ঠানকে ঘিরে জমে উঠবে বাংলা সংস্কৃতির এক অনবদ্য পরিবেশনা। পালাগান, কবির লড়াই, নৃত্যকলা, লোকসঙ্গীত, রবীন্দ্র সঙ্গীত, নজরুল সঙ্গীতের পাশাপাশি থাকবে আবৃত্তি, নাটিকা। দুই বাংলার জনপ্রিয় এবং খ্যাতিমান শিল্পীরা আমন্ত্রিত হয়েছেন এ অনুষ্ঠানে।

টিকেট প্রাপ্তি স্থান

- আলাউদ্দিন সুইটস এন্ড রেস্টুরেন্ট ৭১৮-৪২৪-৬৯০০
- মুক্তধারা (জ্যাকসন হাইটস্) ৭১৮-৫৬৫-৭২৫৮
- হাটবাজার ৭১৮-২০৫-৮৫৮৮
- মুক্তধারা (৩৬ এভিনিউ) ৭১৮-৯৩৭-৯৭৪৪
- সপ্তবর্ণা ৭১৮-৯৩২-১৯৯৭
- গানের ডালি ৭১৮-৬৮৬-১৬৫২
- নিপুণ (ব্রিকলেন) ৭১৮-৪৩৬-৩৬০০
- প্লাটিনাম ড্রাইভিং স্কুল ৭১৮-৬৫১-৭৭২০
- পশরা (জ্যামাইকা) ৭১৮-৬৫৮-৬৬৭৬
- বোম্বে ভিডিও ৭১৮-৭২৫-১৩৩২
- কস্তুরি রেস্টুরেন্ট ২১২-৬৭৯-৭৯৯৩
- ফ্রেন্ডস্ ভিডিও (ওজান পার্ক) ৭১৮-৩৪৮-০৬৬২

রেজওয়ানা চৌধুরী বন্যা, সুবীর নন্দী, কুমার বিশ্বজিৎ, বাপ্পা মজুমদার, পবন দাস বাউল এবং অভিনেত্রী শাওনসহ অনেকেই উপস্থিত থাকবেন অনুষ্ঠানে। দেশী শিল্পীদের দেশী সংস্কৃতি পরিবেশনায় দ্যুতি ছড়াবে নিউইয়র্কের ম্যান-হাটান। মুক্তধারা নিউইয়র্কের ১৫ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত এই অনুষ্ঠানে দেশী-বিদেশী অনেক বরেণ্য ব্যক্তিত্ব উপস্থিত থাকবেন। সাধারণ দর্শকদের জন্য অনুষ্ঠান উপভোগের ব্যবস্থা রয়েছে। টিকিটের দাম যথাক্রমে ভিআইপি ১০০ ডলার, ৭৫ ডলার এবং ৫০ ডলার।

মহিউদ্দিন নিলয়

প্রবাসে বাঙালির আত্মপরিচয়ের দর্পণ
সুইডেন থেকে প্রকাশিত প্রবাসী বাঙালির কাগজ

ত্রৈমাসিক
প্রজন্ম একাত্তর

দেশ প্রবাসের নবীন, প্রবীণ ও বিশিষ্ট লেখক-সাংবাদিকদের লেখায় সমৃদ্ধ হয়ে নিয়মিত প্রকাশিত হচ্ছে।
সকল প্রবাসীর এ প্লাটফরমে একবার উঁকি দিয়ে দেখুন- যে কেউ লিখুন, গ্রাহক হোন, বিজ্ঞাপন দিন।

১টি সংখ্যা ফ্রি পড়ুন, ভালো লাগলে গ্রাহক হোন

বার্ষিক গ্রাহক চাঁদা বাংলাদেশে ডাকযোগে মাত্র ১০০ টাকা।
বহির্বিশ্বে ২০ ইউরো অথবা ২৫ মার্কিন ডলার।

যোগাযোগ :
Editor
Delwar Hossain
Projonmo Ekattor
Box 2029, 191 02 Sollentuna, Sweden
Tel. & Fax : (+ 46)-(0)8-6231439
e-mail : delwar.h@spray.se

ঢাকা ব্যুরো :
3/3-B, Purana Paltan (1st Floor), Soleman Court, Dhaka-1000, Bangladesh. Tel : 9565340, 8155271
Fax : 880-2-9140225 e-mail: probashiprokashona@yahoo.com

টো | কি | ও

cevmx‡`i ¯c ciY...

টোকিওস্থ বাংলাদেশী দূতাবাস, প্রবাসী বাংলাদেশীদের ব্যবহারের জন্য দূতাবাসের কনস্যুলার বিভাগে একটি কয়েনচালিত ফটোকপি মেশিন স্থাপন করেছে। এর ফলে প্রবাসী বাংলাদেশীদের দীর্ঘদিনের একটি প্রত্যাশা পূরণ হলো।

জাপানে বসবাসরত বাংলাদেশীরা পাসপোর্ট ও ভিসা সংক্রান্ত বিভিন্ন কাজে দূতাবাসে আসে। বিভিন্ন সময় প্রয়োজনীয় কাগজপত্র ফটোকপি করার দরকার হয়। আগে এ কাজের জন্য পার্শ্ববর্তী কোনো কনভিনিয়েন্ট স্টোরে যেতে হতো। এতে সময় ও শ্রমের অপচয় হতো। প্রবাসীদের সেই কষ্ট এখন আর পেতে হবে না। গত ১৩ অক্টোবর '০২ বাংলাদেশ প্রবাসী কল্যাণ সমিতির (জাপান) অভিষেক ও সাংস্কৃতিক অনুষ্ঠানে বর্তমান রাষ্ট্রদূত সিরাজুল ইসলামের কাছে প্রবাসীদের মৃতদেহ বিনা খরচে রাষ্ট্রীয় বিমানে বহন, মাসের একটি বন্ধে দূতাবাস খোলা রাখা, দূতাবাসে ফটোকপি মেশিন স্থাপন এবং পাসপোর্ট ফি কমানো, এ চারটি দাবি পেশ করে। ইতিমধ্যে রাষ্ট্রদূত ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে বিনা খরচে লাশ বহন করার অনুমতি আদায় করতে সক্ষম হয়েছেন। দূতাবাস সূত্রে জানা গেছে, খুব শিগগিরই মাসের একটি রবিবার দূতাবাসের কাউন্সেলর ও চ্যান্সারী খোলা রেখে প্রবাসীদের আরেকটি প্রত্যাশা পূরণ করবে।

রাহমান মনি, কাজী ইনসান, টোকিও, জাপান

ইতালীতে এই প্রথম ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তি সহায়ক একমাত্র বাংলা বই

ইতালীর প্রকাশনা জগতের বিস্ময় আতেছিয়া কর্তৃক প্রকাশিত হয়েছে

একজন কুশলী চালক হতে যা প্রয়োজন, তার সবকিছু এবং ইতালীয়ান ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তি পরীক্ষার যাবতীয় সিলেবাস অত্যন্ত সহজভাবে রঙীন ছবি ও ট্রাফিক সিগন্যালসহ ঝরঝরে বাংলার পাশাপাশি প্রচলিত ইতালীয়ান ও ইংরেজী ভাষায় মুদ্রিত হয়েছে।

শেখ মহিতুর রহমান বাবলু রচিত
ইতালীয়ান ড্রাইভিং লাইসেন্স এ.বি

বই নিরাপত্তার প্রতীক যে বই পড়ে না, সে প্রতারিত হয় বেশী

ইতালীয়ান ড্রাইভিং লাইসেন্স পেতে বা সড়ক ব্যবহারবিধি জানতে আগ্রহীদের কাছে বিশেষভাবে আদৃত এ বইটি সংগ্রহের জন্য আপনার নিকটস্থ বাংলাদেশী দোকানসহ যে কোন বইয়ের দোকানে খোঁজ করুন এবং পরিবেশক হতে আগ্রহীরা নিম্নের ঠিকানায় যোগাযোগ করুন-

ATHESIA ■ SK. MOHITUR RAHMAN BABLU
Lauben, 41, Bolzano 39100 ■ Via Molini, 16
Tel: +39 0471 927221 ■ 39040 Termeno, Bolzano
Fax: +39 0471 927226 ■ Tel: +39 0471 863024
e-mail ■ Cell: +39 3387971158
athesia.touristik@athesia.it ■ e-mail: bablubolzano@yahoo.com

সৌজন্যে : বাংলা বিভাগ, Radio BASE, www.radiobase.net, e-mail : bengali@radiobase.net